
ভিতালি বিআংকি

শেয়াল আর নেংটি





ভিতালি বিআংকি

শেয়াল আর নেংটি



ছবি এ'কেছেন য়ু. ভাসনেৎসভ

প্রগতি প্রকাশন · মস্কো

'নেংটি ইঁদুর, নেংটি ইঁদুর, নাক তোর
নোংরা কেন?'



'মাটি খুঁড়ছিলাম যে।'



'মাটি খুঁড়ছিলি কেন?'




'গর্ত বানিয়েছি।'



‘গর্ত কেন?’



‘তোর কাছ থেকে শেয়াল লুকিয়ে থাকব বলে।’



'নেংটি ইঁদুর, নেংটি ইঁদুর, আমি কিন্তু ওঁৎ পেতে থাকব!'




'গর্তে আমার দিব্যি শোবার ঘর।'



'খিদে পেলেই বেরিয়ে আসবি!'




‘গর্তে আমার পুরো ভাঁড়ার!’




‘নেংটি ইঁদুর, নেংটি ইঁদুর, তবে আমি তোর গর্তেই সেঁধব।’



'সুরঙ্গ দিয়ে পালিয়ে যাব আমি! আর হলেও ঠিক তাই।'



অনুবাদ: ননী ভৌমিক



В. БИАНКИ
ЛИС И МЫШОНОК
На языке бенгали